



অনলাইন-অফলাইনে নারীর নিরাপত্তাহীনতা অগ্রগতির বড় বাধা: তারেক রহমান



সংগৃহীত ছবি

অনলাইন এবং অফলাইন—দুই ক্ষেত্রেই নারীরা বাড়তি নিরাপত্তাহীনতার মুখে পড়ছেন, যা বাংলাদেশের সার্বিক অগ্রগতির পথে বড় অন্তরায় বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বৃহস্পতিবার (২০ নভেম্বর) এক ফেসবুক পোস্টে তিনি বলেন, ভয় ও আতঙ্কের মধ্যে নারীরা কখনোই এগোতে পারে না। ডিজিটাল যুগে সুযোগ যত বাড়ছে, নারীদের প্রতি হুমকি ও ঝুঁকিও তত বিস্তৃত হচ্ছে। বিশেষ করে সাইবার জগতে হয়রানি, অপপ্রচার ও হুমকির বিষয়টি তিনি গভীর উদ্বেগের সঙ্গে উল্লেখ করেন।

তারেক রহমান পোস্টে নারীর নিরাপত্তা ও ক্ষমতায়ন নিশ্চিত করতে পাঁচ দফা কর্মপরিকল্পনাও তুলে ধরেন। এর মধ্যে রয়েছে—‘জাতীয় অনলাইন সেফটি সিস্টেম’ গড়ে তুলে সাইবার বুলিং ও অনলাইন হুমকির দ্রুত প্রতিকার; ‘জনজীবনে নারীর সুরক্ষা’ নিশ্চিত করতে সাংবাদিক, শিক্ষার্থী ও কর্মক্ষেত্রে নারীদের জন্য আইনগত ও প্রযুক্তিগত সহায়তা প্রদান; এবং শিক্ষা প্রতিষ্ঠানে ‘ডিজিটাল নিরাপত্তা শিক্ষা’ চালুর মাধ্যমে ব্যবহারিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা। তারেক রহমানের মতে, নারীদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি না হলে দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন কখনোই পূর্ণতা পাবে না।